ফন্ট কালার পরিবর্তন করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ২৩

tutorial.hamimit.com/ফন্ট-কালার-পরিবর্তন-করা

ফন্ট কালারপরিবর্তন করে ডকুমেন্টকে আরো নান্দনিক করার লক্ষ্যে এ কমান্ড ব্যবহার করা হয়ে থাকে। এম এস ওয়ার্ড ২০১৬ ব্যবহার করে টেক্সট কালার ও বিভিন্ন এফেক্ট ব্যবহার করার সুযোগ রয়েছে।

এ অধ্যায়ে ডকুমেন্টের টেক্সট বিভিন্ন কালার দেয়া, হাইলাইট করা এবং বিভিন্ন এফেক্ট প্রদান করা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে।


ফন্ট কালার (রঙ) পরিবর্তন করা

সাধারণত ডিফল্ট অবস্থায় এম এস ওয়ার্ড ২০১৬ ডকুমেন্টের টেক্সট এর রঙ কালো থাকে। কিন্তু আপনি ইচ্ছে করলে সহজেই টেক্সট কালার পরিবর্তন করতে পারবেন।

খুব সহজেই ২টি ধাপে সিলেক্টকৃত কোন টেক্সট এর কালার পরিবর্তন করা যায়।

পদ্ধতি-১:

- ডকুমেন্টের যে টেক্সট এর কালার পরিবর্তন করতে চান তা সিলেক্ট করুন।
- অতপর **Home** ট্যাবের **Font** প্যানেল বা গ্রুপের **Font Color** আইকনের ডানে অবস্থিত **ড্রপ-ডাউন এ্যারো** ক্লিক করুন এবং প্রয়োজনীয় কালারের ওপর ক্লিক করুন।




লক্ষ্য করুন, ডকুমেন্টের সিলেক্টকৃত টেক্সট এর কালার পরিবর্তিত হয়েছে।

পদ্ধতি-২:

ওপরের নিয়ম ছাড়াও নিম্নের পদ্ধতিতে ফন্টের কালার পরিবর্তন করা যায়।

- ডকুমেন্টের প্রয়োজনীয় টেক্সটসমূহ সিলেক্ট করুন।
- কীবোর্ডের **Ctrl+D** চাপুন।
- ফলে নিচের চিত্রের মত **Font** এর ডায়ালগ বক্স প্রদর্শিত হবে।



- এবারে প্রদর্শিত ডায়ালগ বক্সের **Font Color** অপশনের **ড্রপ-ডাউন এ্যারো** ক্লিক করুন।
- এবারে প্রদর্শিত বিভিন্ন রঙ হতে প্রয়োজনীয় রঙ এর ওপর ক্লিক করে অবশেষে **Ok** ক্লিক করুন।


নোট: প্রদর্শিত **Font** ডায়ালগ বক্সের **Font Color** অপশনের **ড্রপ-ডাউন** এ্যারো ক্লিক করে **More Color** ক্লিক করে আরও কালার প্রদর্শন করানো যাবে এবং এখান থেকেও টেক্সট কালার সিলেক্ট করা যাবে।

টেক্সট রঙ দ্বারা হাইলাইট করা

আমরা যেমন আমাদের টেক্সটসমূহ মার্কার কলম দ্বারা হাইলাইট করি তেমনিও ডকুমেন্টের সিলেক্টেড টেক্সট যে কোন রঙ দ্বারা হাইলাইট করা যায়।

সাধারণত আমরা হাইললাইট করার জন্য হলুদ রঙ ব্যবহার করে থাকি। কিন্তু এক্ষেত্রে আপনি যে কোন কালার দ্বারা হাইলাইট করতে পারবেন।

- ডকুমেন্টের যে টেক্সটসমূহ হাইলাইট করতে চান তা সিলেক্ট করুন।
- অতপর **Home** ট্যাবের **Font** প্যানেল বা গ্রুপের **Text Highlight Color** আইকনের ডানে অবস্থিত ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করুন।
- এবারে প্রয়োজনীয় কালারের ওপর ক্লিক করুন।




বিভিন্ন টেক্সট ইফেক্ট ব্যবহার করা

এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে টেক্সট এর বিভিন্ন ইফেক্ট দেয়ার সুবিধা রয়েছে, যা আপনার ডকুমেন্টকে আরও সুন্দর করে তুলতে সাহায্য করবে।

সাধারণ ডকুমেন্টের কভার পেজ কিংবা কোন হেডিং এ টেক্সট ইফেক্ট ব্যবহার করা হয়ে থাকে। খুব সহজেই সিলেক্টকৃত টেক্সটসমূহের মধ্যে ইফেক্ট দেয়া যায়।

- ডকুমেন্টের প্রয়োজনীয় টেক্সট সিলেক্ট করুন।
- **Home** ট্যাবের **Font** প্যানেল বা গ্রুপের **Text Effect & Typography** আইকনের ডানে অবস্থিত ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করুন।
- এবারে প্রয়োজনীয় টেক্সট ইফেক্টের ওপর ক্লিক করুন।



ফন্ট টাইপ ও সাইজ – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ২২

ফন্ট কেস পরিবর্তন করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ২৪

> ফন্ট কালার (রঙ) পরিবর্তন করার বিভিন্ন পদ্ধতি নিয়ে তৈরি টিউন আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে কিভাবে টেক্সট এর কেস [Text Case] পরিবর্তন করবেন সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।
>
> টিউনে যদি কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখুন তবে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়াটি তথ্যবহুল হয় তবে বন্ধুমহলে শেয়ার করুন।